VOL. II

সুস্থতার সাতকাহন

হর ক্লেশং,হর রোগং।।

wbhealthinformation.org

# স্বাধীনতার সূর্য উঠুক আপনার স্বাস্থ্যের আকাশে।



Content Managed By Digital4Doc

Expert in Doctor's Marketing

# আমাদের কথা

এইতো সেদিন, পুনম পাণ্ডে মারা গেলেন। ডিজিটালি। শোকস্তব্ধ ডিজিটাল মিডিয়া। পাতায় পাতায় শ্রদ্ধাঞ্জলি। কিন্তু কি আশ্চর্য ছাপার অক্ষরে কেউ একবিন্দু কালি খরচা করলো না এই শকিং নিউজে। অর্থাৎ পুনম দিব্যি বেঁচে আছেন ছাপার অক্ষরে। এবং অবশ্যই ঘোর বাস্তবে।

শাস্ত্রে বলেছে শতং বদ, মা লিখ। বলার সময় যা খুশি বলা যায়, যেমন খুশি বলা যায়, কিন্তু লেখার অনেক দায়িত্ব। সেখানে ফাঁকি চলে না।

স্বভাব-কুঁড়ে মানুষ দিব্যি কথ্য ভাষায় কথা বলে বলেই কাজ চালিয়েছে দীর্ঘ দিন, কিন্ত যেদিন প্রয়োজন হয়েছে সেদিনই সে আবিষ্কার করেছে সভ্যতার সবচেয়ে শক্তিশালী অস্ত্র। কলম। সে লিখতে শুরু করেছে।

মুখে বলা তথ্য তা চায়ের দোকানেই হোক বা ফেসবুকের পাতায়, বার বার মুখ পুড়িয়েছে বিশ্বাসযোগ্যতা হারিয়ে। বার বার সে প্রমাণ করেছে, তথ্যের বিশ্বাসযোগ্যতা যখন মূল কথা, ছাপার অক্ষরের কোনো বিকল্প নেই, বিশেষ করে স্বাস্থ্যের ক্ষেত্রে ছাপা তথ্যের সমাদর গোটা বিশ্ব জুড়েই।

ছাপার অক্ষরের সেই চিরসত্য প্রকৃতি স্বীকার করে, আমরাও আমাদের সীমিত ক্ষমতায় ছাপার আখরে রেখে যাচ্ছি আমাদের পথ চলায় সংগৃহীত সেই সব স্বাস্থ্য তথ্য। পৌঁছে দিতে চেষ্টা করছি, আপনার হাতে, সম্পূর্ণ বিনা মূল্যে। আমদের বিশ্বাস, তথ্যের অধিকার সব্বার অধিকার।

আধুনিকতার সাথে সাথে ছাপার অক্ষর চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে যুগে যুগে। রেডিও, সিনেমা, ডিজিটাল গত ১০০ বছরে যখন যে জনপ্রিয় হয়েছে সেই-ই চ্যালেঞ্জ ছুঁড়েছে ছাপার অক্ষরকে।

গত এক শতাব্দী জুড়ে শিক্ষিত মানুষ বার বার বিতর্কে জড়িয়েছেন, বই কি তবে হেরে যাবে.... কখনো রেডিও কখনো সিনেমা আবার কখনো ফেসবুকের কাছে?

বই কিন্তু জেগে আছে অমোঘ মন্ত্রে, 'ফুরোয় না, তার কিছুই ফুরোয় না। নটেগাছটা বুড়িয়ে ওঠে, কিন্তু মুড়োয় না।'

## টিম:

- সুরজিৎ বসু
- ঋষভ মুখার্জি
- অমিত হালদার
- প্রসেনজিৎ দাস
- প্রীতম কুমার দেব

# সূচিপত্র


আর্থ্রাইটিসকে জয় করে নতুন জীবনের পথে: বৃন্দাবনবাবুর রোবোটিক হাঁটু প্রতিস্থাপন যাত্রা — পৃষ্ঠা ৩
ডা. রাকেশ রাজপুত

রোবোটিক নি রিপ্লেসমেন্ট-এর সর্বাধুনিক ভেলিস রোবট প্রথম এলো কলকাতায়! — পৃষ্ঠা ৪
ডাঃ সৌম্য চক্রবর্তী

বাচ্চার চোট বা আঘাতজনিত হাত, পা ভাঙা অথবা বাঁকা? হাঁটতে অসুবিধা? — পৃষ্ঠা ৫
ডাঃ সৌম্য পাইক

ক্যান্সার জয় করে স্বাভাবিক জীবনে ফিরলেন শহরতলীর ষাটোর্ধ বৃদ্ধ — পৃষ্ঠা ৬
ডাঃ অভয় কুমার

ছোট, বড় কিংবা একাধিক কিডনি স্টোন?মাইক্রোসার্জারিতেই হবে সমাধান — পৃষ্ঠা ৭
ডাঃ কৌশিক সরকার

'রোবটিক' হাঁটু অপারেশন সবার সাধ্যের মধ্যে — পৃষ্ঠা ৭
ডাঃ সৌম্য চক্রবর্তী

শিশুদের জন্মগত বধিরতা ও তার চিকিৎসা — পৃষ্ঠা ৮
ডাঃ মৈনাক মৈত্র

ভার্টিগো সারিয়ে তুলুন মাত্র ২৪ ঘণ্টায়! — পৃষ্ঠা ৯
ডাঃ নীলোৎপল দত্ত

মিথ-এর মায়াজালেই সারে না বাত! রিউম্যাটোলজিস্ট দিলেন আর্থ্রাইটিস কন্ট্রোলের সহজ পাঠ! — পৃষ্ঠা ১০
ডাঃ বোধিসত্ত্ব চৌধুরী

বিভিন্ন ব্যথার চিকিৎসায় PRP থেরাপি দিচ্ছে উল্লেখযোগ্য সাফল্য — পৃষ্ঠা ১১
ডাঃ মনীশ দে

বাজেটে ক্যান্সার রোগীদের জন্যে সুখবর? — পৃষ্ঠা ১২
ডাঃ রাজীব ভট্টাচার্য



This Magazine Published By Digital4Doc Expert in Doctor's Marketing

# আর্থ্রাইটিসকে জয় করে নতুন জীবনের পথে: বৃন্দাবনবাবুর রোবোটিক হাঁটু প্রতিস্থাপন যাত্রা

রোবোটিক হাঁটু প্রতিস্থাপন নিয়ে জানাচ্ছেন ডা. রাকেশ রাজপুত



বৃন্দাবন হাজরা। বয়স ৬১। বাড়ি গড়িয়াহাট। তাঁর শখ দেশের নানা প্রান্তে ঘুরে বেড়ানো। এহেন পায়ের তলায় সর্ষে দেওয়া মানুষটাই ধীরে ধীরে হয়ে পড়লেন চলচ্ছক্তিহীন। ঘরের জানলা দিয়ে তিনি দেখতেন পাড়ার ছেলেরা বাস ভারা করে একসঙ্গে যাচ্ছে জুলুক, মধ্যপ্রদেশ! আসলে বৃন্দাবন বাবু আখ্রান্ত হয়েছিলেন আর্থ্রাইটিসে। গত ৬ বছর ধরে ভুগছিলেন চরম হাঁটুর ব্যথায়। হাঁটু বেঁকতেও শুরু করেছিল। টয়লেটেও যেতে হতো কাতর হয়ে। তবু অপারেশন করাচ্ছিলেন না! যদি কোনও গণ্ডগোল হয়। অবশেষে একদিন নিজের স্কুলের ৮০ বছরের শিক্ষক মশাইকে জানলা দিয়ে দেখলেন গটগটিয়ে পুরী যাওয়ার বাসে উঠতে! করলেন ফোন পুরনো স্যারকে। তিনিই বললেন, বেশ কয়েক বছর ধরে তিনিও ভুগছিলেন হাঁটুর বাতে। শেষে তিন মাস আগে ডাঃ রাকেশ রাতপুতের কাছে রোবটিক নি রিপ্লেসমেন্ট করিয়ে তিনি এখন হিল্লি-দিল্লি করছেন এই বয়সেও। স্যার বললেন, 'তুইও কর। মাস চারেক পরে একটা ইস্ট সিকিমের ট্যুর আছে। গুরু-শিষ্য ঘুরে আসি চল' যেমন কথা তেমন কাজ। ডাঃ রাকেশ রাজপুতের হাতেই হল বৃন্দাবনবাবুর টোটাল নি রিপ্লেসমেন্ট। চিকিৎসকের পরামর্শে তিনমাস করালেন ফিজিওথেরাপি।

চারমাস পরে বাসটা এখন লাভায় দাঁড়িয়ে। শিক্ষক মশাই আর বৃন্দাবন বাবু দাঁড়িয়ে দেখছেন পাহাড়ের নীচে একটা সমতল জায়গায় ছেলেরা ফুটবল খেলছে! শিক্ষকমশাই, বৃন্দাবনবাবুর দিকে তাকিয়ে বললেন, 'কী রে একটা কিক দেবি নাকি? ' বৃন্দাবনবাবু লজ্জা পেয়ে বললেন- 'আর কটা দিন যাক।' বৃন্দাবন হাজরা। বয়স ৬১। বাড়ি গড়িয়াহাট। তাঁর শখ দেশের নানা প্রান্তে ঘুরে বেড়ানো। এহেন পায়ের তলায় সর্ষে দেওয়া মানুষটাই ধীরে ধীরে হয়ে পড়লেন চলচ্ছক্তিহীন। ঘরের জানলা দিয়ে তিনি দেখতেন পাড়ার ছেলেরা বাস ভারা করে



জুলুক, মধ্যপ্রদেশের দিকে ছেলেরা বাস ভাড়া করে যাচ্ছে, আর বৃন্দাবন বাবু জানলা দিয়ে তা দেখছেন। আখ্রান্ত আর্থ্রাইটিসে, গত ৬ বছর ধরে হাঁটুর চরম ব্যথায় ভুগছেন, হাঁটু বেঁকেও গেছে। টয়লেটে যেতে কষ্ট হয়, তবু অপারেশন করাচ্ছিলেন না, যদি কোনও গণ্ডগোল হয়। একদিন জানলা দিয়ে দেখলেন ৮০ বছরের শিক্ষক মশাই পুরীর বাসে উঠছেন! ফোন করলেন স্যারকে, যিনি ৩ মাস আগে ডাঃ রাকেশ রাজপুতের কাছে রোবোটিক নি রিপ্লেসমেন্ট করিয়ে এখন নির্ভার। স্যার বললেন, 'তুইও কর, চারমাস পরে ইস্ট সিকিমের ট্যুর আছে, চল ঘুরে আসি।' বৃন্দাবন বাবু করালেন টোটাল নি রিপ্লেসমেন্ট, তিন মাস ফিজিওথেরাপি করলেন। চারমাস পরে, লাভায় দাঁড়িয়ে শিক্ষক মশাই বললেন, 'কী রে, একটা কিক দেবি নাকি?' বৃন্দাবন বাবু বললেন, 'আর কটা দিন যাক।'

ORTHO SHASTRA

**Dr. Rakesh Rajput**
MBBS, M.S. (Ortho), M Ch (Ortho), FRCS (Tr & Ortho)
HOD & Director - Dept. Of Orthopaedics, CMRI Hospital
**For Appointments**: +91 82407 78822 | +91 90512 70285
**Website**: www.orthoshastra.com
**Email**: orthoshastra23@gmail.com

# রোবোটিক নি রিপ্লেসমেন্ট-এর সর্বাধুনিক ভেলিস রোবট প্রথম এলো কলকাতায়!

রোবটিক জয়েন্ট রিপ্লেসমেন্ট সার্জারিতে বিপ্লব আনার পর সাফল্যের দিকগুলি জানাচ্ছেন বিশিষ্ট অর্থোপেডিক সার্জেন **ডাঃ সৌম্য চক্রবর্তী**।

হাঁটু প্রতিস্থাপন বা নি রিপ্লেসমেন্ট সার্জারিতে এখন ঘটে গিয়েছে অকল্পনীয় পরিবর্তন!

জয়েন্ট রিপ্লেসমেন্ট-এ এখন সার্জেনরা ব্যবহার করছেন অবিশ্বাস্য ফলাফল দিতে সক্ষম বিশ্বসেরা 'ভেলিস রোবট'!




**রোবোটিক সার্জারির সুবিধা:**

- ছোট্ট অংশ কাটতে হয়। তাই রক্তপাত সামান্য।
- ব্যথা হয় অনেকগুণ অল্প।
- ইমপ্লান্ট দীর্ঘস্থায়ী হয়।
- রিজিওনাল অ্যানাসথেসিয়া এবং নার্ভ ব্লক এর সাহায্যে রোগীর ব্যথা হয় খুব কম।
- রোগীর স্বজনের অবগতির জন্য অপারেশনের পর ফাইনাল অ্যালাইনমেন্ট রিপোর্টের কপিও তুলে দেওয়া হয় তাঁদের হাতে।
- অপারেশনের দিনেই রোগী হাঁটেন। এক মাসের মধ্যে রোগী স্বাভাবিক কর্মময় জীবনে ফিরে যান।

**ভেলিস রোবটের বাড়তি সুবিধা:**


- সিটি স্ক্যানের প্রয়োজন নেই। রোগীকে রেডিয়েশন এর কুপ্রভাব পেতে হয় না। সময় এবং অর্থ উভয়ই বাঁচে।
- রোবটে আছে ইনফ্রারেড ক্যামেরা যা রোগীর শরীরের অংশগুলি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে।
- হাড়ের আকার ও অবস্থান যেমনই হোক বা যত সূক্ষ্ম জায়গাই হোক না কেন, ভেলিস রোবটের হাত সেখানে পৌঁছাতে সক্ষম। এমনকী ইমপ্ল্যান্ট স্থাপনের ক্ষেত্রে অত্যন্ত স্বচ্ছন্দ এই রোবট।
- আগের রোবটের তুলনায় এই রোবট কাজ করে আরও দ্রুত। অপারেশনে সময় লাগে অনেক কম।
- রক্তে ফ্যাট গ্লোবিউল মেশে কম।
- রোগী অত্যন্ত দ্রুত সেরে ওঠেন।

**Dr. Soumya Chakraborty**
MS, DNB, MRCS
Consultant Orthopedic & Robotic Joint Replacement Surgeon
**For Appointments**: 9038102940
90595 00900
**Website**: www.orthodrsoumya.com


# বাচ্চার চোট বা আঘাতজনিত হাত, পা ভাঙা অথবা বাঁকা? হাঁটতে অসুবিধা?

## বেশিরভাগ বাচ্চাদের হাড় ভাঙাতে কাটাছেঁড়া ছাড়াই চিকিৎসা করা সম্ভব

### সেই বিষয়ে জানাচ্ছেন বিশিষ্ট শিশু অস্থিরোগ বিশেষজ্ঞ ডাঃ সৌম্য পাইক।



**গ্রহণযোগ্য খারাপ দেখতে এক্স-রে**




**অগ্রহণযোগ্য খারাপ দেখতে এক্স-রে**

**কিছু বিষয়ে জেনে রাখা দরকার:**

- **বেশিরভাগ বাচ্চাদের হাড় ভাঙা তে কাটাছেঁড়া লাগে না**
- সঠিক পদ্ধতি তে প্লাস্টার করে বেশিরভাগ হাড় ভাঙা ঠিক করা যায়
- প্লাস্টারের পর X-Ray তে হাড়ের সেটিং খারাপ দেখতে লাগলেও অনেক সময় সেটা সঠিক থাকে, আবার উল্টোটাও ঠিক
- কোনটা ঠিক X-Ray সেটা একমাত্র এক্সপেরিয়েন্সড ডাক্তারই বলতে পারবেন
- ছোটবেলাতে হাড় ভাঙার পর যদি হাত বা পা বাঁকা থাকে তাহলে বড় হওয়া অবধি অপেক্ষা করা উচিত না , সর্বোচ্চ ১ বছর অপেক্ষা করা যেতে পারে। তারপর ডাক্তার এর সাহায্য নেওয়া উচিত

**KIDS ORTHO**

**9051148463**

**শিশুদের ফ্র্যাকচার, তার জটিলতা এবং চিকিৎসা সম্পর্কিত বিস্তারিত জানতে** এই কিউআর কোড টি স্ক্যান করুন



**Dr. Soumya Paik**
MBBS, MS (Ortho), DNB
Fellowship in Paediatric Ortho, NUH(Singapore)
**Consultant Paediatric Orthopedic Surgeon**

**Room No. 110, First Floor, The Galleria Mall (Opposite Axis Mall)**
**Newtown, Action Area 1, Kolkata**
**Website** - www.kidsorthopedic.com

Content Managed By Digital4Doc
Expert in Doctor's Marketing

# ক্যান্সার জয় করে স্বাভাবিক জীবনে ফিরলেন শহরতলীর ষাটোর্ধ বৃদ্ধ

## অত্যাধুনিক রোবোটিক সার্জারি ক্যান্সার চিকিৎসায় নতুন আশা জাগাচ্ছে জানালেন প্রখ্যাত ইউরো-অঙ্কোলজিস্ট **ডাঃ অভয় কুমার**



৬৭ বছরের ব্যারাকপুর-নিবাসী শ্রী অপরেশ বেরা প্রায়ই প্রসাবের সমস্যায় কষ্ট পাচ্ছিলেন। কিছুদিন পরে প্রসাবের সাথে থেকে-থেকেই রক্তপাত হতে থাকে। তিনি স্থানীয় চিকিৎসকের সাথে যোগাযোগ করলে পরীক্ষায় ধরা পড়ে, তার শরীরে বাসা বেঁধেছে ক্যান্সার নামক মারণ রোগ। ক্যান্সারের চিকিৎসা তো ফেলে রাখা যায় না, কাজেই রোগীর সার্জারি করাও প্রয়োজন। সেইমত চিকিৎসকেরা রোগীর পরিবারকে রোবোটিক সার্জারির পরামর্শ দেন। এক আত্মীয়ের কথামত অপরেশবাবু যোগাযোগ করেন মেডিকা হাসপাতালে রোবোটিক সার্জেন ও বিশিষ্ট ইউরো-অঙ্কোলজিস্ট ডাঃ অভয় কুমারের সাথে, যিনি পূর্ব-ভারতে ইউরো-অঙ্কোলজিতে রোবোটিক সার্জারি প্রয়োগের অন্যতম কারিগর, রোগীর পরিবারকে জানান, 'রোবোটিক সার্জারি হল অত্যাধুনিক চিকিৎসা বিজ্ঞানের সেই অস্ত্র যা ইউরো-অঙ্কোলজিক্যাল সার্জারিতে নতুন আশার আলো দেখাচ্ছে। এই পদ্ধতির সুবিধা হল সার্জেন রোগাক্রান্ত অঙ্গ ও তার আশপাশের অংশ বেশি স্বচ্ছ অর্থাৎ থ্রি-ডায়মেনশন ছবি দেখতে পান; যার ফলে আরও নির্ভুলভাবে অপারেশনটা সম্পন্ন করতে পারেন। এই পদ্ধতির অন্যতম সুবিধা হল তুলনামূলক কম ক্ষত, ফলে যথেষ্ট কম রক্তপাত। কাজেই, অপারেশন পরবর্তী যন্ত্রণা ও জটিলতা কম হওয়ায় দ্রুত সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফেরা সহজ। সবকিছু জানার পর রোগীর পরিবার সার্জারীতে রাজি হন। বয়সজনিত জটিলতার কথা মাথায় রেখে রোবট ব্যবহার করে সফল ভাবে সার্জারি করা হয় এবং কোনরকম জটিলতা ছাড়াই রোগী সুস্থ হয়ে ওঠেন। সার্জারির পর ডাঃ কুমার জানান- 'ক্যান্সার আক্রান্তের পরিবারের মানুষদের দুশ্চিন্তা দূর করে ও রোগীকে সুস্থ-স্বাভাবিক জীবন ফিরিয়ে দিতে পেরে চিকিৎসক হিসাবে আমি গর্বিত'



> "দা ভিঞ্চি সিস্টেম অতুলনীয় নির্ভুলতার সাথে খুব ছোট ছিদ্রের মাধ্যমে এমনকি সবচেয়ে জটিল অস্ত্রোপচারের কার্যকারিতা সক্ষম করে অস্ত্রোপচারের ক্ষমতা বাড়ায়। এটি উন্নত চিকিৎসা ফলাফল এবং বৃহত্তর রোগীর নিরাপত্তা প্রচার করে। **- ডাঃ অভয় কুমার**

Kolkata Urology clinic
CALCUTTA ONCOLOGY
Bridging the Cancer Care Gap
A House of TMH Mumbai Alumni

**Dr. Abhay Kumar**
Senior Consultant & Head (Urology, Surgical Oncology, Robotic Surgery)
MS- General Surgery, DNB (Genito-Urinary Surgery)
**For Appointments**: 91 91724 18844
**Website**: www.kolkataurologyclinic.com

# ছোট, বড় কিংবা একাধিক কিডনি স্টোন?মাইক্রোসার্জারিতেই হবে সমাধান - জানাচ্ছেন ডাঃ কৌশিক সরকার

সব ধরনের কিডনি স্টোনের সফল চিকিৎসা করছেন অভিজ্ঞ ইউরোলজিস্ট এবং ইউরো অঙ্কোলজিস্ট ডাঃ কৌশিক সরকার।



অফিসে কাজ করছিলেন সরোজ মণ্ডল। প্রতিদিনের মতোই ব্যস্ততার মধ্যে দিন কাটছিল, কিন্তু হঠাৎ ইউরিনের বেগ অনুভব করলেন। তাড়াতাড়ি টয়লেটে ঢুকে ইউরিন পাস করতে শুরু করলেন।

কিন্তু এসময়ই তাঁর টের পেলেন তীব্র জ্বালা এবং যন্ত্রণা, যা তাঁকে বেশ উদ্বিগ্ন করল। একই সঙ্গে দুই পাঁজরের ঠিক নীচে এবং পিঠের দিকে এক অসম্ভব ব্যথা শুরু হল, যা ধীরে ধীরে তলপেট এবং কুঁচকির দিকে নেমে আসতে থাকল। অনেকক্ষণ ধরে এই ব্যথার সঙ্গে লড়াই করার পর কিছুটা স্বস্তি পেলেন তিনি, কিন্তু দু'দিন পরেও একই উপসর্গ দেখা দিতে থাকল।

এরপর, সরোজবাবুর বস তাকে পরামর্শ দিলেন একজন ইউরোলজিস্ট এবং ইউরো অঙ্কোলজিস্ট ডাঃ কৌশিক সরকারের সাথে পরামর্শ করতে। সরোজবাবু তাই ডাঃ কৌশিক সরকারের কাছে গেলেন। ডাক্তারবাবু সরোজবাবুকে আলট্রাসাউন্ড পরীক্ষা করানোর জন্য বললেন। পরীক্ষা করার পর ধরা পড়ল, সরোজবাবুর দুই কিডনিতেই রয়েছে স্টোন। এই খবর শুনে তিনি বেশ চিন্তিত হয়ে পড়লেন। ডাঃ সরকার তাঁকে আশ্বস্ত করে বললেন, "আমরা মিনি পিসিএনএল পদ্ধতিতে এই স্টোনগুলো বের করব। চিন্তার কিছু নেই।"

তবে সরোজবাবুর মনে প্রশ্ন জাগল—মিনি পিসিএনএল আসলে কী? ডাঃ সরকার বিশদে বুঝিয়ে বললেন, "মিনি পিসিএনএল বা মিনিম্যালি ইনভেসিভ পারকিউটেনিয়াস নেফ্রোলিথোটমি হলো একটি আধুনিক পদ্ধতি। এই পদ্ধতিতে পিঠের দিকে ছোট্ট একটি ছিদ্র করা হয়, যেখানে বিশেষ যন্ত্রপাতি প্রবেশ করানো হয় যা সরাসরি কিডনি স্টোন পর্যন্ত পৌঁছে যায়। ওই যন্ত্রের মধ্যে থাকে একটি ক্যামেরা এবং স্টোন ভাঙার মেশিন। স্টোনকে গুঁড়ো করে সাকশনের মাধ্যমে কিডনি থেকে বের করে নেওয়া হয়। এই পদ্ধতিতে স্টান্ডার্ড পিসিএনএল-এর তুলনায় পিঠে ছিদ্রের আকার অনেক ছোট হয়, ফলে রক্তপাত ও ব্যথা কম হয়। অপারেশনের পরের দিনই রোগী ছুটি পান এবং দ্রুত সুস্থ হয়ে ওঠেন।"



অবশেষে, ডাঃ সরকারের এই পদ্ধতিতে সফলভাবে অস্ত্রোপচার হওয়ার পর সরোজবাবু এখন সম্পূর্ণ সুস্থ। তিনি তাঁর কর্মময় জীবন আবার স্বাভাবিকভাবে কাটাতে পারছেন। এই অভিজ্ঞতা থেকে তিনি বুঝেছেন, প্রাথমিক উপসর্গ দেখা দিলেই বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া উচিত।

**Dr. Kaushik Sarkar**
MBBS (Cal), MS (IPGMER), MRCS (England) MCh (Urology)
Consultant Urologist & Uro-Oncologist
**For Appointments**: +91 79803 94497
+91 80171 31009
**Website**: www.drkaushiksarkarurologist.in

# শিশুদের জন্মগত বধিরতা ও তার চিকিৎসা



শিশুদের জন্মগত বধিরতা একটি খুব গুরুত্বপূর্ণ কারণ একজন বাড়ন্ত শিশুর কথা না বলতে পারার। জন্মগত বধিরতার কিছু মূল কারনগুলো হল - মা এর গর্ভবস্থায় TORCH ইনফেকশন, শিশুর প্রিম্যাচুরিটি, জন্মের সময় কম ওজন, জন্মের কিছুদিনের মধ্যে জন্ডিস, নিউমোনিয়া, মেনিনজাইটিস, জীন জনিত কিছু রোগ - Waardenburg সিন্ডরোম, Alport সিন্ডরোম, Usher সিন্ডরোম, মায়ের গর্ভবস্থায় ধূমপান ও মদ্যপান, জন্মের সময় শিশুর অক্সিজেনের অভাব ও দেরি করে কাঁদা ইত্যাদি।

এই সব জন্মগত ভাবে বধির শিশুদের চিকিৎসার মূলে রয়েছে জন্মের পর দ্রুত তার রোগ নির্ণয় ও চিকিৎসা শুরু করা। যে কোন High risk শিশুর জন্মের পরে OAE ও BERA টেস্ট করে তার কানে শোনার অবস্থা নির্ণয় করা সম্ভব। রিপোর্টে সমস্যা এলে কানের মেশিনের ব্যবহার ও স্পিচ থেরাপি শুরু করা আবশ্যক। ৩ থেকে ৬ মাস কানের মেশিন ব্যবহার করে যদি শিশুর কথা বলার কোন উন্নতি না হয় তাহলে





Cochlear Implant এর কথা নাক কান গলার চিকিৎসক ভাবা শুরু করেন। বিভিন্ন রকমের পরীক্ষা নিরীক্ষা যেমন CT স্ক্যান, MRI, মানসিক বিকাশের স্তর ইত্যাদি করে যদি ইতিবাচক রিপোর্ট পাওয়া যায় তাহলে Cochlear Implantation করা হয়। কিন্তু মূল যে বিষয়ে মনে রাখার যে জন্মের পর যত তাড়াতাড়ি সম্ভব কানে শোনার অসুবিধা রোগ নির্ণয় করতে হবে কারণ ৫ বছর বয়সের পর এইসব উপরে ব্যক্ত চিকিৎসা পদ্ধতি খুব একটা ভালো ফল দেবে না। জন্মের পর শিশুদের কানের পরীক্ষা আবশ্যক করা উচিত বিশেষত High risk শিশুদের ক্ষেত্রে।

**Dr. Mainak Maitra**
**MBBS (Hons. & Gold Medalist), MS ENT**
**CONSULTANT ENT AND HEAD NECK SURGEON**
Attached to SSKM Hospital, Kolkata
**For Appointments**: +91 80171 43345


Content Managed By Digital 4 Doc
Expert in Doctor's Marketing

# ২৪ ঘণ্টায় সারিয়ে তুলুন ভার্টিগো, বিপিপিভি-এর সমস্যা অথবা বন বন করে ঘুরছে মাথা, বিছানায় শুয়েই কাটছে দিন? ভার্টিগো সারিয়ে তুলুন মাত্র ২৪ ঘণ্টায়!



বিনাইন প্যারোক্সিসমাল পজিশনাল ভার্টিগো (বিপিপিভি) অতিপরিচিত ভেস্টিবুলার ডিজঅর্ডার। বহু ব্যক্তিই এই অসুখে আক্রান্ত হন। এই ব্যাধিতে আক্রান্তর মধ্যে হঠাৎ করে মারাত্মক ধরনের মাথা ঘোরার উপসর্গ প্রকাশ পায়। এই বিশেষ মাথা ঘোরার উপসর্গ সাধারণ মাথা ঘোরার সমস্যার থেকে সম্পূর্ণ ভিন্ন। রোগীর মনে হয়, তাঁর আশপাশের সমস্ত বস্তু যেন বন বন করে ঘুরছে। তাঁর শরীরের ভারসাম্য হারিয়ে যায়। রোগীর এই ধরনের মাথা ঘোরার পর্ব মাঝেমধ্যেই ঘুরে ফিরে আসে। কখন এমন জটিলতা দেখা দেবে তা আগে থেকে বোঝা সম্ভবও নয়। ফলে রোগীর রোজকার জীবনে বিপিপিভি ভয়াবহ প্রভাব ফেলে। অতি সাধারণ কাজ করাও পাহাড় ভাঙার মতো কঠিন বলে বোধ হয়। তা কেমন? উদাহরণ হিসেবে বলা যায় বিছানায় শুয়ে পাশ ফেরা, মাথা উঁচু করে তাকানো, সামনে ঝুঁকে মাটি থেকে কিছু কুড়োতে যাওয়ার মতো সামান্য কাজেই বিপিপিভি-এর উপসর্গ প্রকাশ পেতে পারে। ফলে রোগীকে সব কাজ মুলতুবি রেখে বসে থাকতে হয়। এই পরিস্থিতি একজন কর্মক্ষম রোগীর পক্ষে ভয়ঙ্কর হতাশার উদ্রেক ঘটায়। কেউ কেউ অত্যন্ত আতঙ্কেও ভুগতে থাকেন।


সৌভাগ্যবশত, বিপিপিভি-এর এই চরম নেতিবাচক অবস্থার মধ্যেও রয়েছে আশার আলো। অসুখ ধরা পড়লে অত্যন্ত ভালো চিকিৎসা রয়েছে। জানলে অবাক হবেন বিপিপিভি এবং ভার্টিগোর সঠিক চিকিৎসা হলে রোগী ২৪ ঘণ্টার মধ্যে অনেকখানি সুস্থ বোধ করেন। এমনকী অনেকে সম্পূর্ণ সুস্থ বোধও করেন। তবে রোগীর শারীরিক অবস্থা রোগের প্রকৃতির উপরেও অনেককিছু নির্ভর করে।

**চিকিৎসা**

চিকিৎসার একাধিক পথ রয়েছে। তবে বিপিপিভি ঠিক কেন হচ্ছে তা আগে খুঁজে বের করতে হবে। তাহলেই বিপিপিভি এবং তার উপসর্গ সম্পূর্ণভাবে সারিয়ে তোলা সম্ভব।

**চিকিৎসা পদ্ধতি**

■ রিপজিশনিং ম্যানুয়েভার্স বা বিশেষ ধরনের এক্সারসাইজ। উদাহরণ হিসেবে এপলে'স ম্যানুয়েভার, বার্বিকিউ রোল, গুফোনিস, সিমোন্টস, জাকোভিনো ম্যানুয়েভার্সগুলির হল বিশেষ রীতিতে ঘাড়সুদ্ধ মাথা ঘোরানোর পদ্ধতি। সঠিক নিয়মে পদ্ধতিগুলি অভ্যেস করলে কানের অন্দরে থাকা ক্রিস্টাল সঠিক অবস্থানে চলে আসে। ফলে ২৪ ঘণ্টার মধ্যেই ভার্টিগোর রোগীর উপসর্গ কমতে থাকে ও তিনি তাঁর রোজকার জীবনে হারানো ভারসাম্য খুঁজে পান।




■ বিশেষ ধরনের এক্সারসাইজের পাশাপাশি জীবনাত্রায় এবং খাদ্যাভ্যাসে পরিবর্তনও প্রয়োজন।

■ দরকার পড়তে পারে ডায়েটরি সাপ্লিমেন্ট (ভিটামিন ডি) খাওয়ার।

উপরিউক্ত চিকিৎসা পদ্ধতি মেনে চললে, একসময় ভার্টিগোর পর্ব কমতে থাকে।

তবে খুব ভালো চিকিৎসা থাকা সত্ত্বেও বিপিপিভি পুনরায় ফিরে আসতে পারে। সঠিক চিকিৎসায় রোগী সম্পূর্ণভাবে উপসর্গ মুক্ত হওয়ার পরেও কোনও কোনও ক্ষেত্রে দেখা যায় ১ সপ্তাহ, ১ মাস এমনকী ১ বছর পরেও রোগীর বিপিপিভি-এর লক্ষণ ফিরে আসছে। এমন ক্ষেত্রে পুনরায় অসুখের ফিরে আসার কারণ খুঁজে বের করতে হয় ও সেই বুঝে চলে চিকিৎসা। তাই ভার্টিগো থাকলে রোগীকে সতর্ক হতে হবে ও একইসঙ্গে সামান্য উপসর্গ দেখা দিলে দ্রুত নিতে হবে চিকিৎসকের পরামর্শ।

এখানেই শেষ নয়। চিকিৎসকের সঙ্গে পরামর্শ করে বুঝতে হয় ঠিক কোন কোন বিষয় বা কাজকর্ম ভার্টিগোর উপসর্গকে ডেকে আনছে। সেক্ষেত্রে ওইসব কাজকর্ম থেকে বিরত থাকতে হবে।

**বিশেষ তথ্য**

বিপিপিভি-এর চিকিৎসার মধ্যে এপলেস ম্যানুয়েভার দ্রুত আরোগ্য প্রদানে সক্ষম। এমনকী একদিনের মধ্যেই কারও কারও ক্ষেত্রে সুফল লক্ষ করা যায়। রোগী দ্রুত তাঁর রোজকার রুটিনে ফিরতে পারেন।

■ ভার্টিগো শুরু হলে রোগী মানসিকভাবে অনেকখানি ভেঙে পড়েন। এমন ক্ষেত্রে কাউন্সেলিং-এর মাধ্যমে তাঁকে মানসিকভাবে চাঙ্গা করে তোলার দরকার হয়।

■ ভার্টিগো অসুখ হিসেবে জটিল হলেও চিকিৎসা আছে। তাই নেতিবাচক ভাবনা দূরে রেখে চিকিৎসকের পরামর্শ নিন। সুস্থ জীবনযাপন করুন।

**Dr. Nilotpal Dutta**
DLO,MS,DOHNS(UK),MRCS(ENT)(UK),MRCPS(Glasgow)
Chief Consultant Neurotologist & In-charge Vertigo and Balance Clinic
Medica Superspeciality Hospital, Kolkata
**For Appointments**: +91 62919 88965
**Website**: www.drnilotpalvertigo.in


Content Managed By Digital4Doc

সুস্থতার সাতকাহন

# মিথ-এর মায়াজালেই সারে না বাত!
# রিউম্যাটোলজিস্ট দিলেন আর্থ্রাইটিস কন্ট্রোলের সহজ পাঠ!



আর্থ্রাইটিস অসুখটি শুধুমাত্র হাড় এবং অস্থিসন্ধির অসুখ ভাবলে ভুল হবে। আর্থ্রাইটিসের সঙ্গে একাধিক গুরুতর শারীরিক সমস্যাও যুক্ত হতে পারে। শরীরের অভ্যন্তরীণ নানা অঙ্গের অসুখও যুক্ত থাকতে পারে আর্থ্রাইটিসের সঙ্গে। প্রায় ১০০ ধরনের রিউম্যাটিক ডিজিজ আছে।বর্তমানে এদেশে প্রায় ১০ কোটিরও বেশি মানুষ ভুগছেন রিউম্যাটিক নানা সমস্যায়। এই কারণেই অসংখ্য রোগীই বিরামহীন পিঠ ও কোমরের ব্যথা, হাঁটুর ব্যথা, ছোট ছোট জয়েন্টের ব্যথার সঙ্গে ভুগতে পারেন চোখ, ত্বক, স্নায়ুতন্ত্র, কিডনি, হার্ট ফুসফুসের নানা জটিলতায়! অথচ দুর্ভাগ্য, নানা ভুল ধারণার বশবর্তী হয়ে অসুখটির শারীরিক উপসর্গগুলিকে রোগী সেভাবে গুরুত্ব দিতে চান না। অনেকেই চিকিৎসকের পরামর্শ নেওয়ার তাগিদও বোধ করেন না।

**আর্থ্রাইটিস নিয়ে নানা মিথ**

**মিথ-১ • শুধুমাত্র বয়স্ক ব্যক্তিরাই বাতে আক্রান্ত হন:** সম্পূর্ণ ভ্রান্ত ধারণা। বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে আর্থ্রাইটিস হওয়ার ঝুঁকি বাড়ে ঠিকই, তবে সত্যিটা হল যে কোনও বয়সে আর্থ্রাইটিস হতে পারে। এমনকী শিশুরও আর্থ্রাইটিস হতে পারে। তবে বেশিরভাগ ক্ষেত্রেই আর্থ্রাইটিস শুরু হয় মধ্যবয়সে। অ্যাঙ্কাইলোজিং স্পন্ডাইলোসিস-এর মতো অসুখ শুরু হয় অত্যন্ত কম বয়সেই। লক্ষ লক্ষ শিশু এবং কিশোর ভোগে আর্থ্রাইটিসে।

**মিথ-২ • লক্ষণ বলতে থাকে শুধুই ব্যথা এবং যন্ত্রণার ধারণা!:** আর্থ্রাইটিসের উপসর্গগুলিকে একেবারে নির্দিষ্ট করে বলা সম্ভব হয় না। সাধারণভাবে শরীরের নানা অংশে ব্যথা আর্থ্রাইটিসের উপসর্গ হলেও, অনেক ক্ষেত্রেই শরীরের নানা জায়গায় ব্যথা ও যন্ত্রণার লক্ষণগুলোকে সাধারণ সমস্যা বলে উপেক্ষাও করা হয়।

এই প্রসঙ্গেই সাধারণ মানুষের জেনে রাখা দরকার যে, অসুখটিকে উপেক্ষা করলে রিউম্যাটিক অবস্থাগুলি রোগীর শরীরে গুরুতর বিকৃতি তৈরি করতে পারে। তখন প্রতিদিনকার সরল সাধারণ কাজ যেমন হাঁটা, পোশাক পরার মতো কাজও পাহাড় ভাঙার মতো কঠিন বোধ হয়।

রিউম্যাটিক ডিজিজ-এর কতকগুলি স্বাভাবিক লক্ষণ হল, অস্থিসন্ধি ও পেশিতে ব্যথা, ফোলা এবং লালভাব। কোনও কোনও ক্ষেত্রে এই ধরনের উপসর্গগুলির সঙ্গে অস্থিসন্ধি শক্ত হয়ে যায়, চোখে অস্বস্তি হয়, প্রদাহ দেখা দেয়, শরীর জুড়ে বিরাজ করে অপরিসীম ক্লান্তি ও ও পীড়া। কিছু কিছু ক্ষেত্রে জ্বর আসতে পারে, উঠে যেতে পারে চুল, দেখা দিতে পারে ড্রাই আই এবং মাউথের সমস্যা, হতে পারে বুকে ব্যথা, কাঁপুনি। এমনকী কোনও কোনও ক্ষেত্রে স্ট্রোক হওয়ার আশঙ্কাও উড়িয়ে দেওয়া যায় না!

**মিথ-৩ • আর্থ্রাইটিস প্রতিরোধ করা যায় না!:**

একেবারেই ভুল ধারণা। হ্যাঁ, সম্পূর্ণভাবে আর্থ্রাইটিস হয়তো প্রতিরোধ করা যায় না তবে আর্থ্রাইটিস হওয়ার ঝুঁকিগুলি কমিয়ে অসুখের জটিল আকার ধারণ করার প্রক্রিয়াকে মন্থর করা সম্ভব!

প্রশ্ন হল কী কী করা সম্ভব?

আর্থ্রাইটিসের ঝুঁকি কমাতে পারে এই বিশেষ কাজগুলি-

■ দৈহিক উচ্চতার অনুপাতে নিয়ন্ত্রণ করতে হবে ওজন।
■ থাকতে হবে শারীরিকভাবে সক্রিয়।
■ এড়িয়ে চলতে হবে ধূমপান।
■ ক্রীড়াধর্মী কাজকর্মের সময় প্রতিরক্ষামূলক অ্যাকসেসরিজ ব্যবহার করতেই হবে।
■ নির্দিষ্ট কিছু কাজের সময় শরীরের ভঙ্গি হওয়া উচিত বিজ্ঞানসম্মত।

এভাবেই অনেকাংশে আমরা দ্রুত আর্থ্রাইটিস হওয়ার বিষয়টি প্রতিরোধ করতে পারব।

**মিথ-৪: উপসর্গ অসহ্য হলেই চিকিৎসা**

বাস্তব: প্রথম সপ্তাহ ও মাস (উইনডো অব অপপারচুনিটি) চিকিৎসার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। এই সময়ে চিকিৎসা দীর্ঘস্থায়ী সুফল প্রদান করে।

**মিথ-৫: আর্থ্রাইটিসের কোনো চিকিৎসা নেই**

বাস্তব: চিকিৎসাবিজ্ঞান সম্পূর্ণ নিরাময় না খুঁজে পেলেও, দুর্দান্ত ওষুধ রয়েছে যা উপসর্গ নিয়ন্ত্রণে সাহায্য করে।

**মিথ-৬: রিউম্যাটিক ডিজিজ সময়ের সাথে সেরে যায়**


বাস্তব: এটি দীর্ঘস্থায়ী (ক্রনিক) সমস্যা। পুরোপুরি নির্মূল হওয়ার সম্ভাবনা কম তবে দ্রুত রোগ নির্ণয় ও চিকিৎসার মাধ্যমে রোগী সক্রিয় জীবনযাপন করতে পারেন।

**মিথ-৭: বিশেষজ্ঞের প্রয়োজন নেই**

বাস্তব: রিউম্যাটোলজিস্ট নামক বিশেষজ্ঞ রিউম্যাটিক ডিজিজের চিকিৎসা করেন।

**উল্লেখযোগ্য রিউম্যাটিক ডিজিজ:**

- রিউম্যাটয়েড আর্থ্রাইটিস
- গাউট
- লুপাস
- স্ক্লেরোডার্মা
- সজোগ্রেনস সিনড্রোম
- এঙ্কাইলোজিং স্পন্ডাইলাইটিস
- মায়োসাইটিস



**চিকিৎসা:**

- ওষুধ
- জীবনযাত্রার পরিবর্তন
- শারীরিক থেরাপি
- সার্জারি (প্রয়োজনে)

**রিউম্যাটোলজিস্টের পরামর্শ কখন নেওয়া উচিত?**

জয়েন্টে ব্যথা যদি ১-২ সপ্তাহের মধ্যে না সারে, অথবা একটানা মৃদু জ্বর, ওজন হ্রাস, সকালের দিকে হাতে-পায়ে আড়ষ্ট ভাব, ত্বকে লাল লাল ফুসকুড়ি, পেটে ব্যথা ইত্যাদি লক্ষণ দেখা দিলে রিউম্যাটোলজিস্টের পরামর্শ নিন।

কারণ:

- দীর্ঘস্থায়ী জয়েন্টে ব্যথা গুরুতর অসুখের লক্ষণ হতে পারে।
- রিউম্যাটিক ডিজিজের ক্ষেত্রে দ্রুত চিকিৎসা প্রয়োজন।
- চিকিৎসা না করালে অস্থিসন্ধিতে বিকৃতি আসতে পারে।

রিউম্যাটোলজিস্ট আপনার জয়েন্টে ব্যথার কারণ নির্ণয় করে প্রয়োজনীয় চিকিৎসা দেবেন।

**কিছু গুরুত্বপূর্ণ বিষয়:**

1. দ্রুত রোগ নির্ণয় ও চিকিৎসা গুরুত্বপূর্ণ।
2. জীবনযাত্রার পরিবর্তন ও স্বাস্থ্যকর অভ্যাস গ্রহণ প্রয়োজন।
3. রিউম্যাটোলজিস্ট রিউম্যাটিক ডিজিজের চিকিৎসা করেন।
4. চিকিৎসকের পরামর্শ ছাড়া ওষুধ বন্ধ করা যাবে না।
5. রক্তের সম্পর্কের আত্মীয়ের মধ্যে যদি রিউম্যাটিক ডিজিজ থাকে, তাহলে সতর্ক থাকুন।
6. শারীরিক উপসর্গ উপেক্ষা করবেন না।

**Dr. Bodhisatwa Choudhuri**
MBBS, MD(Med), MRCEM(UK), MRCP (Acute Medicine), Dip, Rheumatology (UK), Fellow. Rheumatology (USA), MEM (USA), CCEBDM, FCCS
Consultant - Medicine, Rheumatology, Emergency Medicine & Critical Care, Diabetology
**For Appointments**: +91 9330257079
**Website**: www.rheumatologistinkolkata.in


Content Managed By Digital 4 Doc

# বিভিন্ন ব্যথার চিকিৎসায় PRP থেরাপি দিচ্ছে উল্লেখযোগ্য সাফল্য



**প্লেটলেট রিচ প্লাজমা থেরাপি (PRP থেরাপি) কী?**

প্লেটলেট রিচ প্লাজমা এমন একধরনের ব্লাড প্লাজমা যা প্লেটলেট দ্বারা সমৃদ্ধ। রোগীর রক্তে ঘনীভূত প্লেটলেটরূপে PRP, বিভিন্ন ধরনের ক্রমবৃদ্ধিমূলক উৎপাদক (গ্রোথ ফ্যাক্টর) এবং হাড় ও নমনীয় কোষসমূহের দ্রুত উপশমকারী সাইটোকিন সমৃদ্ধ।

**যে সমস্ত চিকিৎসায় PRP থেরাপি প্রয়োগযোগ্য**

- টেনিস এলবো (Tennis Elbow)
- প্ল্যানটার ফ্যাসাইটিস (Plantar Fascitis)
- হাঁটুতে বাত (Osteoarthritis Knee) (মৃদু থেকে মাঝারি)
- কাঁধের অ্যাডহেসিভ ক্যাপসুলাইটিস (Adhesive Capsulitis)
- রেট্রোক্যানিয়াল বারসাইটিস (Retrocaneal Bursitis)
- ডে কোয়ারভেইনস টেনোসাইনোভাইটিস (De Quervain's Tenosynovitis)
- গল্ফার'স এলবো (Golfer's Elbow)
- ট্রিগার ফিংগার/থাম্ব (Trigger Finger/Thumb)
- আচিলিস টেন্ডোনাইটিস।

**PRP পদ্ধতিটি কী?**

প্লেটলেট রিচ প্লাজমা উপাদান রোগীর রক্ত থেকে নেওয়া হয় একটি ডিভাইসের সাহায্যে এবং পরে তা ব্যথার জায়গায় ইঞ্জেকশন করা হয়।

PRP থেরাপিটি সম্পন্ন হতে লাগে ৩০ মিনিট থেকে ১ ঘন্টা। প্রথমে রোগীর ১৮ মিলিলিটার রক্ত সংগ্রহ করে ২ মিলিলিটার সাইট্রেট ডেক্সট্রোজ সঙ্গে মেশানো হয়। এরপর প্লেটলেট রিচ প্লাজমাকে রক্তের অন্যান্য উপাদানসমূহ থেকে পৃথক করা হয়। এর পরবর্তী পর্যায়ে ক্ষতস্থানে প্লেটলেট রিচ প্লাজমা ৭-১০মিলিলিটার মতো ইনজেকশন করা হয়। এক্ষেত্রে আল্ট্রাসাউন্ডের সাহায্য নেওয়া হয় যথাযথতার জন্য।

**PRP কীভাবে কাজ করে?**

যে কোনও ধরনের টেন্ডন বা লিগামেন্টজনিত সমস্যায় PRP পদ্ধতির মাধ্যমে সাফল্যের সঙ্গে চিকিৎসা করা যায়। ক্ষতিগ্রস্ত কোষসমূহের আরোগ্যের ক্ষেত্রে প্লেটলেটের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রোথ ফ্যাক্টরগুলি ক্ষতিগ্রস্থ টিস্যুর আরোগ্য সাধনে, কোলাজেন উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে, টেনডন স্টেম সেলের বিস্তারে এবং টেনোসাইটযুক্ত জিন এবং প্রোটিনের বিকাশের ক্ষেত্রে বিশেষ গুরুত্বপূর্ণ যা রক্তের প্রবাহকে উদ্দীপিত করে এবং কার্টিলেজকে দৃঢ় ও প্রাণবন্ত হতে সাহায্য করে। এটাকে রেজেনেরেটিভ থেরাপিও বলা হয়ে থাকে।

**PRP থেরাপির পর কি আমি তাৎক্ষণিকভাবে ফল পেতে পারি?**

সাধারণত PRP থেরাপি ২ বার দেয়া হয়ে থাকে ২ সপ্তাহ পর পর এবং এটা



প্রয়োগের ২-৬ সপ্তাহ পর উন্নতি লক্ষ করা যায়। PRP থেরাপির পরিচালন ব্যবস্থার ৬-৯ মাস পরেও ক্রমান্বয়ে উন্নতিলাভ করে চলেছেন, এমন রোগীরও নজির রয়েছে।

**PRP থেরাপির পার্শ্বপ্রতিক্রিয়া কি কি হতে পারে এবং কি ভাবে তা এড়ানো যায়?**

PRP প্রয়োগের পরে কিছুক্ষেত্রে ফুলে এবং লাল হয়ে যেতে পারে বিশেষত হাটুতে বাত হলে যদি এটা প্রয়োগ করা হয়ে থাকে। সেক্ষেত্রে কিছু ঘন্টা অবসেরভেশনে রেখে তার চিকিৎসা করা হয়. এটা যাতে না হয় সেজন্য রোগী নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। যেমন হাটুতে বাতের ব্যাথার প্রাথমিক স্টেজএ PRP থেরাপি খুব কার্যকর। বাতের জন্য যদি হাটু ফোলা বা লাল হয়ে থাকে সেক্ষত্রে PRP দেয়া হয় না বরং অন্যান্য পদ্ধতিতে চিকিৎসা করা হয়. PRP থেরাপি প্রয়োগ করার আগে BRUFEN বা Aceclofenac জাতীয় Painkiller ৭ দিন বন্ধ রাখা হয় এবং PRP দেয়ার পরেও সঙ্গে সঙ্গে এইসব painkiller শুরু করা হয় না. PRP প্রয়োগের পরে জায়গাটা বরফ শেক করা উচিত এবং পা ঝুলিয়ে অনেক দূর যাত্রা না করলেই ভালো। এই সতর্কতা গুলো অবলম্বন করলে কম পার্শপ্রতিক্রিয়াতে ব্যাথা নির্মূল করা সম্ভব।

**PRP চিকিৎসাতে কত খরচ পড়তে পারে?**

ESI শিয়ালদাহ হাসপাতালএ যারা ESI beneficiary তাদের জন্য বিনামূল্যে PRP থেরাপি দেয়া হয়. বাকি জায়গায় PRP kit এবং আনুসাঙ্গিক যন্ত্রপাতি, অপারেশন থিয়েটার এবং হাসপাতালের বেড এসব খরচ মিলিয়ে ১৫-২০ হাজার টাকা মতো পড়তে পারে যদিও সেটা বিভিন্ন হাসপাতালে কম বেশি হতে পারে।


**Dr. Manish De**

**MBBS (MCK), MD (Anesthesiology, AIIMS, New Delhi)**
**DNB (New Delhi), FPM (EIPM)**
**Consultant Pain & Palliative Care Specialist**
**For Appointments**: +91 99035 69602
**Website**: www.drmanishdepainphysician.com

# বাজেটে ক্যান্সার রোগীদের জন্যে সুখবর?

জানাচ্ছেন পিয়ারলেস হাসপাতাল কলকাতার মেডিক্যাল অঙ্কোলজিস্ট
**ডা. রাজীব ভট্টাচার্য, MD, DrNB (মেডিক্যাল অঙ্কোলজি)।**



এবারের বাজেটে মধ্যবিত্তের ওপর করের বোঝা বাড়লেও ক্যানসারের ৩টি মহার্ঘ্য ওষুধের ওপর আমদানি কর কমানো হয়েছে। যদিও কোন ভিত্তিতে শুধুমাত্র এই ৩টি ওষুধের ভাগ্যে শিকে ছিঁড়লো সেটা আমরা জানি না কিন্তু সেই বিতর্কে না ঢুকে, আমরা বরং এই ওষুধগুলো সম্পর্কে একটু জেনে নিই।

1. ওসিমের্টিনিব

এই ওষুধটি নিয়ে কোন বিতর্ক নেই। ক্যানসার চিকিৎসার ক্লাসরুমে ওসিমের্টিনিবকে নির্দ্বিধায় ফার্স্ট বয় বলা চলে। লাং ক্যানসারের মতো মারণ ব্যাধির বিরুদ্ধে ওসিমের্টিনিব অনেক মানুষের প্রধান ভরসা হয়ে উঠেছে। বেশ কিছু লাং ক্যানসারে একটি বিশেষ জিন মিউটেশন পাওয়া যায় যাকে বলা হয় EGFR মিউটেশন। ওসিমের্টিনিব এই ধরনের লাং ক্যানসারে অসাধারণ কাজ করে এবং যে কোন স্টেজে কাজ করে তা সে অপারেশনের পরেই হোক বা রেডিয়েশনের পরে বা চতুর্থ স্টেজ লাং ক্যানসারে। এই ওষুধের ব্যাপ্তি এতটাই বেশি যে দাম কমলে ভারতের বহু রোগীর অনেক সুরাহা হবে। তার ওপর এটি একটি ট্যাবলেট আর এর পার্শ্বপ্রতিক্রিয়া অনেকটাই কম।

**2. ট্রাস্টুজুমাব ডেরুক্সটেকান**

এই ওষুধটিকে বলা যায় ব্রেস্ট ক্যানসারের ওপর সার্জিকাল স্ট্রাইক। এটি কিন্তু ইনজেকশনের মাধ্যমে দেওয়া হয়। এর ২টি অংশ। ব্রেস্ট ক্যানসারের গায়ে যে Her2neu রিসেপ্টর থাকে তার সাথে গিয়ে ট্রাস্টুজুমাব আটকে যায়। আর ডেরুক্সটেকান একটি অত্যন্ত শক্তিশালী কেমো ওষুধ যা সেই ক্যানসার কোষগুলিতে ঢুকে যায় এবং তার দফা রফা করে দেয়। চতুর্থ স্টেজ Her2neu পজিটিভ ব্রেস্ট ক্যানসারের অব্যর্থ ওষুধ এই ট্রাস্টুজুমাব ডেরুক্সটেকান।




**3. ডুরভালুমাব**

এটি একটি ইমিউনোথেরাপি ওষুধ। এই ওষুধগুলো রোগীর শরীরের ইমিউন সিস্টেম বা রোগ প্রতিরোধ ক্ষমতা কে ক্যানসার কোষের বিরুদ্ধে লেলিয়ে দেয়। তার ফলে রোগীর নিজের ইমিউন কোষগুলিই ক্যানসারকে সাবাড় করে দেয়। এই ওষুধগুলো সব ক্যানসারের ক্ষেত্রে কাজ করে না কিন্তু যাদের ক্ষেত্রে করে তাদের ক্ষেত্রে বহুদিন রোগীকে সুস্থ রাখে। এই ওষুধ মূলতঃ লাং ক্যানসার, লিভার ক্যানসার বা গল ব্লাডার ক্যানসারে ব্যবহার করা হয়।

যদিও শুধুমাত্র এই ওষুধগুলিই এবার কর ছাড় পেয়েছে, তাই বলে শুধু সেইজন্যে এই ওষুধগুলো ব্যবহার করবো এমনটা কিন্তু নয়। ক্যানসারের চিকিৎসা করতে হবে শুধুমাত্র বিজ্ঞান এর ওপর ভিত্তি করে। সঠিক ওষুধ যদি কম দামে পাওয়া যায়, তাহলে সেটা সোনায় সোহাগা।

**Dr. Rajib Bhattacharjee**
MBBS, MD, DrNB (Medical Oncology)
ECMO (European Society Certificate for Medical Oncology)
**Consultant Medical Oncologist, Peerless Hospital Kolkata**
**For Appointments**: +91 96744 46399
**Website**: www.calcuttacancercare.com

Digital4Doc — Expert in Doctor's Marketing

Hospital4Doc — Projects, Seamless Execution

5.0 ★★★★★ 82 Google Reviews
By Doctors & Healthcare Professionals.


250+ CLIENTS

15 Years EXPERIENCE


WITH 15+ YEARS OF EXPERIENCE, WE EXCEL IN TURN-KEY PROJECTS FOR CIVIL, LEGAL, INTERIOR, MARKETING (ONLINE & OFFLINE) BRANDING, PRINTING & PR ACTIVITIES.

## EXCLUSIVELY FOR DOCTORS & OTHER HEALTHCARE PROFESSIONALS.


- **Press** Meet & **Media** Coverage
- **Website/App/Software** Development for Healthcare Industry
- **Printing** Stationery Jobs
- **Hospital Projects** - MEP Planning, 3D & Structural Design, Construction & Commissioning Including Modular OT and Radiation Unit.
- **Exterior & Interior Branding** (Signages, Glow Sign Board Work)
- **Accounting & Legal Services** - Trademark, Trade License, PF & ESIC, etc.
- **All types of Government Licensing** (CE, Pollution, Fire, Pharmacy, ART etc.)
- **Digital Marketing** with Google Certified Professionals
- **Video** Making (Shoot & Edit)
- **Blog** Content Writing
- **Corporate, TPA & Insurance Scheme** Help Desk Assistance & Tie-up
- Assistance for **QCI/NABH/NABL** etc.






**5** CE, FIRE, POLLUTION LICENSE DONE FOR Nursing Home

**9** TRADEMARK, ISO, MSME DONE FOR Nursing Home & Doctor

**3** PHARMACY LICENSE DONE FOR Nursing Home & Clinic

CONTACT US: +91 82402 41201 | www.digital4doc.com | www.hospital4doc.com